

“এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী”:

সভাপতি: জনাব মোঃ মাহফুজুর রহমান ভূইয়া, উপ মহাপরিদর্শক।

সভার তারিখ: ২০ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ

সভার স্থান: উপ মহাপরিদর্শকের কক্ষ, উপ মহাপরিদর্শকের কার্যালয়, রাজশাহী।

সময়: দুপুর ০৩.০০ ঘটিকা।

উপস্থিতি: পরিশিষ্ট ‘ক’।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় ও বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। এসডিজি ইন্ডিকেটর ৮.৮.১- লিঙ্গ ও অভিবাসন অবস্থাভেদে পেশাগত কাজে মারাত্মক এবং মারাত্মক নয় এমন আহত হবার ঘটনার হার কমিয়ে আনার লক্ষ্যে নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১	দুর্ঘটনার রেজিস্টার সংরক্ষণ এবং নোটিশপ্রাপ্তি নিশ্চিতকরণ	দুর্ঘটনার রেজিস্টার সংরক্ষণ এবং নোটিশপ্রাপ্তি নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা করা হয়।	১) প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানে দুর্ঘটনার রেজিস্টার থাকতে হবে এবং যথাযথভাবে পূরণ করতে হবে। ২) দুর্ঘটনার নোটিশপ্রাপ্তি নিশ্চিত করতে হবে। ৩) যে সকল সেক্টরে বেশি দুর্ঘটনা ঘটে সে সকল সেক্টরকে প্রাধান্য বেশি দিয়ে তা পরিদর্শন ও প্রয়োজনে মামলা করতে হবে।	সংশ্লিষ্ট এলাকার পরিদর্শকগণ ও কারখানা কর্তৃপক্ষ।
২	প্রশিক্ষণ	শ্রমিক-মালিকদের প্রশিক্ষণ বিষয়ে আলোচনা করা হয়।	১) কাজের ঝুঁকি ও তার পরিনতি এবং ঝুঁকিপূর্ণ বৈদ্যুতিক ওয়্যারিং সম্পর্কে শ্রমিক-মালিকদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। ২) পিপিই ব্যবহার ও সেইফ গার্ড নিশ্চিতকরণের জন্য প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	সংশ্লিষ্ট এলাকার পরিদর্শকগণ ও কারখানা কর্তৃপক্ষ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলের সহযোগিতা কামনা করে ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

উপমহাপরিদর্শকের পক্ষে



(মোহা: হারুন-অর-রশিদ)

শ্রম পরিদর্শক (সেফটি)

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

উপ মহাপরিদর্শকের কার্যালয়, রাজশাহী।